অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2021 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পে 6.7 মিলিয়ন মার্কিন ডলার COVID-19 ত্রাণ বিতরণ করার কথা ঘোষণা করেছেন

CARES অ্যাক্ট অ্যাওয়ার্ডস মহামারী সম্পর্কিত ব্যবসায়িক ক্ষতির দ্বারা প্রভাবিত সামুদ্রিক বাণিজ্যিক এবং ভাড়ার জন্য মাছ ধরার শিল্পগুলিকে সরাসরি অর্থ প্রদান করে

দ্বিতীয় দফার ত্রাণের জন্য অতিরিক্ত 5.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেন যে COVID-19 মহামারীর কারণে অত্যধিক ব্যবসায়িক ক্ষতির পর নিউ ইয়র্কের সামুদ্রিক খাবার, সামুদ্রিক বাণিজ্য এবং ভাড়ার-জন্য উপলব্ধ মাছ ধরার শিল্পক্ষেত্রগুলির জন্য আজ থেকে ত্রাণ সহায়তা হিসেবে 6.7 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ শুরু করা হচ্ছে। নিউ ইয়র্ক রাজ্য আগামী মাসগুলিতে অতিরিক্ত 5.7 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করবে, যা মোট 12.4 মিলিয়ন মার্কিন ডলারে গিয়ে দাড়ায়, সামুদ্রিক ফিশারিজ রিলিফ প্রোগ্রাম (Marine Fisheries Relief Program)-এর মাধ্যমে, যা করোনাভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা আইন (Coronavirus Aid, Relief and Economic Security Act) দ্বারা প্রদত্ত ফেডারেল তহবিল পরিচালনা করে।

"সামুদ্রিক খাবারের বাজার থেকে শুরু করে বাণিজ্যিক হার্ভেস্টার এবং চার্টার বোটের ক্যাপ্টেন পর্যন্ত, নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পক্ষেত্রগুলি মহামারীর সময় মারাত্মক ক্ষতির সম্মুখীন হয়েছে এবং আজও এর দীর্ঘস্থায়ী প্রভাব সহ্য করে চলেছে," **গভর্নর কুওমো বলেন।** "এই পুরষ্কারগুলি এমন একটি শিল্পক্ষেত্রকে প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে যা নিউ ইয়র্ক জুড়ে নিরাপদ এবং কার্যকর সামুদ্রিক খাবার বিতরণ বজায় রাখার জন্য ব্যাপকভাবে সমন্বয়কৃত হয়েছে এবং একই সাথে আমাদের উপকূলীয় সম্প্রদায়গুলিতে স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করা এবং চাকরি বজায় রাখা অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক রাজ্যের সামুদ্রিক ফিশারিজ রিলিফ প্রোগ্রাম সামুদ্রিক মাছ ধরার শিল্পক্ষেত্রগুলিকে সহায়তা করে এবং COVID-19 অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। সামুদ্রিক খাবার, বাণিজ্যিক মাছ ধরা এবং ভাড়ার জন্য সামুদ্রিক বিনোদনমূলক ভাড়ার জন্য উপলব্ধ মাছ ধরার ব্যবসাগুলি থেকে যোগ্য নিউ ইয়র্ক রাজ্যের আবেদনকারীদের বিগত পাঁচ বছরের তুলনায় 2020 সালে অনুভূত অর্থনৈতিক ক্ষতির উপর ভিত্তি করে ত্রাণ প্রদান করা হয়েছে। নিউ ইয়র্কের ফিশারি-সম্পর্কিত ব্যবসাগুলি থেকে মোট গড় বার্ষিক রাজস্বের উপর ভিত্তি করে ন্যাশনাল ওশেনিক

অ্যান্ড অ্যাটমোস্ফেরিক অ্যাডমিনিস্ট্রেশন ফিশারিজ (National Oceanic and Atmospheric Administration Fisheries) দ্বারা রাজ্যের বরাদ্দ নির্ধারণ করা হয়েছিল। নিউ ইয়র্ক রাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) NOAA ফিশারিজ এবং আটলান্টিক স্টেটস মেরিন ফিশারিজ কমিশন (Atlantic States Marine Fisheries Commission, ASMFC)-এর সাথে নিউ ইয়র্ক ফিশারিজ রিলিফ প্রোগ্রামের ব্যয় পরিকল্পনা (New York Fisheries Relief Program Spend Plan)-এর অনুমোদনের জন্য যৌথভাবে কাজ করেছে যা যোগ্যতা নির্ধারণ এবং এই তহবিল বিতরণের জন্য কাঠামোটি প্রতিষ্ঠিত করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার, বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরা এবং সামুদ্রিক খাদ্য শিল্পক্ষেত্রগুলি কেবল রাজ্যের অর্থনৈতিক স্বাস্থ্যের জন্যই গুরুত্বপূর্ণ নয়, এগুলি পর্যটন, বিনোদন এবং সামুদ্রিক সুযোগসমূহের জন্য একটি প্রধান সম্পদ এবং অনুঘটক। DEC এই শিল্পক্ষেত্রগুলিকে সমর্থন করার জন্য আমাদের প্রতিশ্রুতিতে অবিচল রয়েছে এবং এই ত্রাণ সহায়তা COVID-19 থেকে আমাদের পুনরুদ্ধারে আগের চেয়ে আরও শক্তিশালী হয়ে ফিরে আসার প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার বহু পদক্ষেপগুলির মধ্যে একটি মাত্র।"

2020 সালের নভেম্বর মাসে, গভর্নর কুওমো তহবিলের উপলব্ধতা ঘোষণা করেন এবং DEC ডিসেম্বর 1 থেকে ডিসেম্বর 31, 2020, আবেদনের সময়কালে নিউ ইয়র্কের একক ব্যক্তি এবং ব্যবসাগুলির কাছ থেকে প্রায় 300 আবেদন পত্র পেয়েছে। প্রাপ্ত আবেদনগুলির মধ্যে অর্ধেকেরও বেশি বাণিজ্যিক হার্ভেস্টারদের কাছ থেকে পাওয়া, যারা কয়েকশো হাজার ডলার পর্যন্ত ক্ষতির সম্মুখীন হয়েছেন। সামুদ্রিক খাদ্য শিপিংয়ের ব্যবসাগুলি এবং জলজ চাষ শিল্পক্ষেত্র আবেদনের একটি ছোট অংশের প্রতিনিধিত্ব করে, তবে কিছু পরিস্থিতিতে তাদের লোকসান বহু মিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। উপরন্তু, নিউ ইয়র্কের ভাড়ার-জন্য উপলব্ধ মাছ ধরার শিল্পক্ষেত্র কয়েক হাজার থেকে কয়েকশো হাজার ডলার পর্যন্ত উল্লেখযোগ্য অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়েছে।

পুরস্কার প্রাপকরা তাদের আবেদনে প্রদত্ত ঠিকানায় ডাকের মাধ্যমে একটি চেক সহ একটি চিঠি পাবেন।

NOAA ফিশারিজ সম্প্রতি 2021 সালের কনসোলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস আইন (Consolidated Appropriations Act) দ্বারা প্রদত্ত ফিশারিজ সহায়তা তহবিলে অতিরিক্ত 255 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা করেছে। CARES আইনের অধীনে পূর্বে অনুমোদিত ক্রিয়াকলাপগুলিকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক 5.7 মিলিয়ন মার্কিন ডলার গ্রহণ করবে, এবং তার সাথে গ্রেট লেকস ফিশারিজ (Great Lakes Fisheries)-এ ত্রাণ প্রদানের জন্য অতিরিক্ত তহবিল গ্রহণ করবে। DEC আগামী 90 দিন ধরে দ্বিতীয় নিউ ইয়র্ক ব্যয় পরিকল্পনা বিকাশের জন্য NOAA ফিশারিজ এবং ASMFC-র সাথে সহযোগিতামূলকভাবে কাজ করবে যা এই অতিরিক্ত অর্থায়নের যোগ্যতা এবং বিতরণ নির্ধারণের কাঠামো প্রতিষ্ঠা করবে।

নিউ ইয়র্কের মেরিন ফিশারিজ রিলিফ প্রোগ্রাম (New York's Marine Fisheries Relief Program) এবং স্পেন্ড প্ল্যান (Spend Plan) নিউ ইয়র্কের বিভিন্ন মৎস্য শিল্পের স্টেকহোল্ডারদের

নিয়ে গঠিত একটি উপদেষ্টা গোষ্ঠীর সাথে পরামর্শ করে তৈরি করা হয়েছিল। নিউ ইয়র্কের বৈচিত্র্যময় সামুদ্রিক খাদ্য এবং মাছ ধরার শিল্পগুলি ন্যায্য এবং ন্যায়সঙ্গত তহবিলের সহায়তা পাওয়া নিশ্চিত করার জন্য একটি ব্যাপক কর্মসূচী বাস্তবায়নের জন্য উপদেষ্টা গোষ্ঠী দ্বারা প্রদত্ত মূল্যবান ইনপুট এবং অপরিহার্য পর্যালোচনাকে রাজ্য স্বীকৃতি দেয় এবং প্রশংসা করে। উপদেষ্টা দলের সদস্যরা হলেন:

- রবার্ট ড্যানিয়েলসন, মেরিন রিসোর্স অ্যাডভাইজরি কাউন্সিলের (Marine Resources Advisory Council) সদস্য এবং রিক্রিয়েশনাল ফিশিং এর (Recreational Fishing) স্টেকহোল্ডার;
- মেলিসা ডিয়ারবর্ন, মেরিন রিসোর্সঅ্যাডভাইজরি কাউন্সিলের সদস্য এবং সামুদ্রিক বাণিজ্য শিল্পের (Marine Trade Industry) প্রতিনিধি;
- নীল ডিলানয়, ফর-হায়ার ফিশিং ইন্ডাস্ট্রির (For-Hire Fishing Industry) প্রতিনিধি;
- অ্যান্থনি ডিলারনিয়া, মিড-আটলান্টিক ফিশারি ম্যানেজমেন্ট কাউন্সিলের (Mid-Atlantic Fishery Management Council) নিউ ইয়র্কের প্রতিনিধি এবং ফর-হায়ার ফিশিং ইন্ডাস্ট্রির প্রতিনিধি;
- ড্যানিয়েল ফারনহাম, জুনিয়র, বাণিজ্যিক মাছ ধরা শিল্পের (Commercial Fishing Industry) প্রতিনিধি;
- এমারসন হ্যাসব্রউক, সাফোক কাউন্টির কর্নেল কোওপেরাটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension);
- টমাস জর্ডান, সামুদ্রিক সম্পদ উপদেষ্টা পরিষদের সদস্য এবং বাণিজ্যিক মাছ ধরা শিল্পের প্রতিনিধি;
- পল ম্যাককর্মিক, অ্যাকোয়াকালচার শিল্পের (Aquaculture Industry Representative) প্রতিনিধি;
- ক্রিস্টোফার কোয়ার্টুচ্চিও, অ্যাকোয়াকালচার শিল্পের প্রতিনিধি;
- গ্রেগ রিভেরা, সাফোক কাউন্টির কর্নেল সমবায় সম্প্রসারণ; এবং
- আগস্ট রাকডেশেল, সাফোক কাউন্টি অর্থনৈতিক উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ (Suffolk County Department of Economic Development and Planning)।

নিউ ইয়র্কের সামুদ্রিক সংস্থানসমূহ রাজ্যের অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ, যা প্রায় 350,000 চাকরির ব্যবস্থা করে এবং পর্যটন, মাছ ধরা ও অন্যান্য শিল্পের মাধ্যমে বহু বিলিয়ন ডলারের জোগান দেয়। মাছ ধরা শিল্পের জন্য এই তহবিল সুরক্ষিত এবং বিতরণ করার প্রচেষ্টা নিউ ইয়র্কের এই শিল্পগুলিকে সাহায্য করতে এবং গুরুত্বপূর্ণ সামুদ্রিক আবাসস্থলগুলি সমৃদ্ধ করতে, এবং ফিশারিগুলি বজায় রাখতে গভর্নর কুওমোর বেশ কয়েকটি পদক্ষেপের একটি। নিউ ইয়র্ক মার্কিন বাণিজ্য বিভাগের (U.S. Commerce Department) বিরুদ্ধে মামলা চালিয়ে বাণিজ্যিক ফ্লুক ফিশারিতে রাজ্যের জন্য বরাদ্দ করা বেআইনী এবং অন্যায্য কোটাকে চ্যালেঞ্জ করে চলেছে।

এছাড়াও রাজ্য নিউ ইয়র্কের বিনোদনমূলক ও ক্রীড়ামূলক মাছ ধরা এবং ডাইভিং শিল্পকে চাঙ্গা করতে লং আইল্যান্ডের উপকূলে কৃত্রিম রিফের ঐতিহাসিক সম্প্রসারণের তৃতীয় বছরে রয়েছে। দেশের

বৃহত্তম অফশোর বায়ু চুক্তির সাথে একত্রে পরিবেশ রক্ষা তহবিল ও বিশুদ্ধ পানি পরিকাঠামো আইনে (Environmental Protection Fund and Clean Water Infrastructure Act) রেকর্ড বিনিয়োগ, অফশোর ড্রিলিং-এর ওপর নিষেধাজ্ঞা, এই কীস্টোন প্রজাতি রক্ষার জন্য পার্স সিন ব্যবহার নিষিদ্ধ করার জন্য 'বাঙ্কার বিল' পাস করা, লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার উদ্যোগ (Long Island Shellfish Restoration initiative) এবং পানির মান রক্ষা করার এবং উন্নত করার অন্যান্য কর্মসূচি, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর সামুদ্রিক পরিবেশ বাস্তবায়িত করার জন্য গভর্নরের প্রচেষ্টাকে সমর্থন করছে ।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন